গণ-প্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
ফায়ার সার্ভিস ও সিভিল ডিফেন্স অধিদপ্তর
কাজী আলাউদ্দিন রোড,ঢাকা।

ফায়ার সার্ভিস ও সিভিল ডিফেন্স অধিদপ্তরের জাতীয় শুদ্ধাচার কৌশল বাস্তবায়ন বিষয়ে অংশীজনের অংশগ্রহণে অনুষ্ঠিত সভার কার্যবিবরণীঃ

সভাপতি	ঃ	জনাব আনিস মাহমুদ, যুগ্মসচিব, পরিচালক(প্রশাসন ও অর্থ)।
সভার তারিখ	ঃ	২৬/০৯/২০১৬।
সময়	ঃ	১০.০০ ঘটিকা।
স্থান	ঃ	ফায়ার সার্ভিস ও সিভিল ডিফেন্স ট্রেনিং কমপ্লেক্স, মিরপুর, ঢাকা।

সভায় উপস্থিত সদস্যবৃন্দের তালিকা ঃ পরিশিষ্ট-'ক' তে দেখানো হল।

উপস্থিত সকলকে স্বাগত জানিয়ে সভাপতি সভার কাজ শুরু করেন। শুরুতে জনাব আতাউল হক, যুগ্মসচিব ও প্রকল্প পরিচালক সোনার বাংলা গড়ার প্রত্যয়ে সরকারের শুদ্ধাচার বাস্তবায়ন কৌশল সম্পর্কে একটি উপস্থাপনা প্রদান করেন। শুদ্ধাচার বলতে সাধারণভাবে নৈতিকতা ও সততা দ্বারা প্রভাবিত আচরণগত উৎকর্ষ বোঝায়। ব্যক্তি পর্যায়ে এর অর্থ কর্তব্যনিষ্ঠা ও সততা, তথা চরিত্রনিষ্ঠা। জাতীয় শুদ্ধাচার কৌশল বাস্তবায়নের লক্ষ্যে দেশে দুর্নীতি দমন ও শুদ্ধাচার প্রতিষ্ঠা, বিভিন্ন আইন কানুন ও বিধি বিধানের সুষ্ঠু প্রয়োগ, পদ্ধতিগত সংস্কার ও উন্নয়ন সক্ষমতা বৃদ্ধিতে নিয়োজিত কর্মকর্তা/কর্মচারীগণের চরিত্রনিষ্ঠার বিকাশসহ রূপরেখার উপর গুরুত্ব আরোপ করেন। এছাড়া শুদ্ধাচার, শাসন ও সুশাসন, জনপ্রশাসনের নৈতিকতা, শুদ্ধাচার কৌশল প্রনয়নের যৌক্তিক ভিত্তি, জাতীয় শুদ্ধাচার ব্যবস্থা, জাতীয় শুদ্ধাচার কৌশল, প্রয়োগ কৌশল (নির্বাহী বিভাগ ও জনপ্রশাসন) ইত্যাদি বিষয়ে বিস্তারিত আলোচনা করেন।

২। অতঃপর জনাব আনিস মাহমুদ, যুগ্মসচিব, পরিচালক (প্রশাসন ও অর্থ) সভায় ফায়ার সার্ভিস ও সিভিল ডিফেন্স অধিদপ্তরের ২০১৫-২০১৬ অর্থবছরের জাতীয় শুদ্ধাচার কৌশল বাস্তবায়ন কর্মপরিকল্পনা এবং বার্ষিক কর্ম সম্পাদন চুক্তি সভায় উপস্থাপন করেন। তিনি উল্লেখ করেন যে, অধিদপ্তরের কাজে গতিশীল ও জনগণকে দ্রুত সেবা প্রদান করার লক্ষ্যে চলতি ২০১৬-২০১৭ অর্থবছরে অগ্নিসহ যেকোন দুর্ঘটনায় ১০০ ভাগ সাড়াপ্রদান, মৌলিক প্রশিক্ষণের মাধ্যমে ৭৫০০০ জনকে প্রশিক্ষিত করা, ৪৩০০ টি অগ্নিনির্বাপণ, উদ্ধার ও প্রাথমিক চিকিৎসার মহড়া পরিচালনা, ১০৭০০টি মালগুদাম কারখানার জন্য ফায়ার লাইসেন্স প্রদান, অনলাইনে ২৭০টি বহুতল বাণিজ্যিক ভবন নির্মাণের অনাপত্তি ছাড়পত্র প্রদান, ২০০০ জন কমিউনিটি ভলান্টিয়ার তৈরি, ফায়ার রিপোর্ট ও লাইসেন্স বাবদ ১০ কোটি টাকা রাজস্ব আদায় এবং নতুন ২৫টি ফায়ার স্টেশনের কার্যক্রম ২০১৬-২০১৭ অর্থবছরে অর্জন করা সম্ভব হবে, যা সবাইকে অবহিত করেন।

৩। আলোচনা শেষে সভায় উপস্থিত সকলের সঙ্গে উন্মুক্ত আলোচনায় বৈদ্যুতিক সাবস্টেশনের ছাড়পত্র, বহুতল ও বাণিজ্যিক ভবনের ছাড়পত্র, অগ্নি প্রতিরোধ ও নির্বাপণ বিধিমালা ২০১৪ সংশোধন ও ফায়ার সার্ভিস সংশ্লিষ্ট অন্যান্য বিষয়ে উন্মুক্ত আলোচনা প্রশ্নোত্তরপর্ব অনুষ্ঠিত হয়।

৪। উক্ত আলোচনাকালে জনাব জাকির উদ্দিন বাবু, সেক্রেটারী, এসাব, এ ধরণের সভা অত্যন্ত যুগোপযোগী ও ফলপ্রসু হিসেবে উল্লেখ করেন এবং প্রাইমারী লেভেল হতে শিক্ষার্থীদের শুদ্ধাচার নৈতিকতা সম্পর্কে শিক্ষাদান করে শুদ্ধ মানুষ হিসেবে গড়ে তোলার আহবান জানান।

৫। জনাব মোঃ ইমরান হোসেন, সদস্য, এসাব, তিনি জানান অনলাইনে বহুতল ভবনের ছাড়পত্রের আবেদনে লগ ইন এ অন্য কেউ প্রবেশ করে আবেদন করতে পারবেন কিনা? এছাড়া তিনি অনলাইন সিস্টেম আবেদনের ফরমে অক্ষাংশ ও দ্রাঘিমাংশ যুক্ত করার প্রস্তাব দেন। উত্তরে বলা হয় পরীক্ষা করে যথাযথ ব্যবস্থা গ্রহণ করা হবে।

৬। জনাব তাজ মোহাম্মদ খান, উপসচিব, বিজিএমইএ, উক্ত সভাকে সময়োপযোগী উল্লেখ করেন। এছাড়া তিনি প্রশ্ন করেন উল্লেখযোগ্য অনেক বসবাসস্থলে পর্যাপ্ত নিরাপদ এক্সিট নেই এ ব্যাপারে করণীয়? উত্তরে বলা হয় অধিদপ্তর কর্তৃক পরিদর্শন পূর্বক প্রয়োজনীয় ব্যবস্থা নিচ্ছেন।

৭। জনাব আল এমরান হোসেন, ব্যবস্থাপক, বাংলাদেশ গ্রীন বিল্ডিং একাডেমি, অগ্নি প্রতিরোধ ২০০৩ অনুযায়ী ৬তলার অধিক উচ্চতার ভবন বহুতল ভবন কিন্তু ঢাকা মহনগর ইমারত নির্মাণ বিধিমালা-২০০৮ অনুযায়ী ১০তলার অধিক উচ্চতার ভবন বহুতল ভবন। উভয়ই সরকারী সংস্থা হওয়ায় বহুতল ভবন নিয়ে দ্বৈত নীতি পরিহার করার পদক্ষেপ নেয়া হয়েছে কিনা? উত্তরে বলায় হয় অগ্নি প্রতিরোধ ও নির্বাপণ বিধিমালা ২০১৪ সংশোধনের কাজ প্রক্রিয়াধীন। উক্ত বিধিমালা সংশোধন হলে দ্বৈত নীতির পরিসমাপ্তি ঘটবে।

৮। সরকারের সোনার বাংলা গড়ার প্রত্যয়ে জাতীয় শুদ্ধাচার কৌশল কর্ম-পরিকল্পনা বাস্তবায়ন বিষয়ে আর কোন আলোচনা না থাকায় সভাপতি কর্তৃক উপস্থিত সকলকে আন্তরিক শুভেচ্ছা ও ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।

২৬/১০/২০১৬
আনিস মাহমুদ
যুগ্মসচিব
পরিচালক (প্রশাসন ও অর্থ)

F:\Administration\Jatiyo Shuddhachar Kowshol\Suddhachar (Integrity)Resolation).doc

স্মারক নং- ৪৪.০৬.০০০০.০০২.৯৯.০১৪. ১০৮-৬৭(২৮) তারিখঃ ১৮ অক্টোবর ২০১৬ খ্রিঃ।

সদয় অবগতি ও কার্যার্থে অনুলিপি প্রদান করা হলঃ

১। যুগ্মসচিব, অগ্নি অধিশাখা, স্বরাষ্ট্র মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
২। পরিচালক (প্রশাঃ ও অর্থ/অপাঃ ও মেইনঃ/পঃউঃপ্রঃ), সার্ভিস ও সিভিল ডিফেন্স অধিদপ্তর, ঢাকা।
৩। উপ-পরিচালক (প্রশাঃ ও অর্থ/অপাঃ ও মেইনঃ/পরিকল্পনা কোষ), ফায়ার সার্ভিস ও সিভিল ডিফেন্স অধিদপ্তর।
৪। অধ্যক্ষ, ফায়ার সার্ভিস ও সিভিল ডিফেন্স ট্রেনিং কমপ্লেক্স, মিরপুর, ঢাকা।
৫। উপ-পরিচালক, ফায়ার সার্ভিস ও সিভিল ডিফেন্স, ঢাকা/চট্টগ্রাম/রাজশাহী/খুলনা/বরিশাল/সিলেট/রংপুর/ময়মনসিংহ।
৬। সহকারী পরিচালক (ক্রয় ও স্টোর/প্রশাঃ ও অর্থ/অপাঃ ও মেইনঃ/প্রশিক্ষণ/ওয়াঃ হাঃ ও ফাঃ প্রিঃ/পরিকল্পনা কোষ)।
৭। সহকারী পরিচালক, ফায়ার সার্ভিস ও সিভিল ডিফেন্স, ঢাকা।
৮। উপসহকারী পরিচালক, ফায়ার সার্ভিস ও সিভিল ডিফেন্স, ঢাকা (জোন-১/২/৩/৪)।
৯। সিনিয়র স্টাফ অফিসার, ফায়ার সার্ভিস ও সিভিল ডিফেন্স অধিদপ্তর। মহাপরিচালক মহোদয়ের সদয় অবগতির জন্য।
১০। জনাব --।
১১। আইসিটি সেল, এ অধিদপ্তর । উক্ত কার্যবিবরণী ওয়েব সাইটে প্রচারের ব্যবস্থা নিতে অনুরোধ করা হল।

২০.১০.১৬

মোঃ বদিউজ্জামান
উপ-পরিচালক (প্রশাঃ ও অর্থ)
ফোনঃ ৯৫৫৭৫৭৯